

## বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া জাতীয় শোক দিবস পালিত



গত ১৫ই আগস্ট শনিবার, বোটানি টাউন হলে, বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া জাতীয় শোক দিবস উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিষদের আহবায়ক জনাব গামা আব্দুল কাদির। অনুষ্ঠানে প্রধান অতিথি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারের মাননীয়

প্রতিমন্ত্রী ডঃ মির্জা এম এ জলিল ও ডঃ মোয়াজ্জেম হোসেন। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের বিদেহী আত্মার শান্তির জন্য দোয়া পরিচালনা করেন ডঃ আব্দুর রাজ্জাক।

আলোচনা পর্বে বক্তব্য রাখেন সর্বজনাব ওসমান গণি, খন্দকার মুস্তাক মেরাজ, আল নোমান শামিম, ডঃ মোহম্মদ আলী, নজরুল ইসলাম, ব্যারিষ্টার সিরাজুল হক,



অজয় দাশগুপ্ত, আব্দুল জলিল, ডঃ নিজামুদ্দিন আহমেদ, প্রফেসর রফিকুল ইসলাম, বিশেষ অতিথি ডঃ মোয়াজ্জেম হোসেন, প্রধান অতিথি ডঃ মির্জা এম এ জলিল এবং সভাপতি গামা আব্দুল কাদির। প্রধান অতিথির বক্তব্যের আগে তার বর্ণাঢ্য কর্মজীবনের ওপর বক্তব্য রাখেন ডাঃ নুরুল রহমান খোকোন। অনুষ্ঠানটি পরিচালনা করেন পরিষদের সদস্য সচিব ডাঃ লাভলী রাহমান।



আলোচনা পর্বের পরে ছিল খাবারের বিরতি। এসময় বাংলাদেশ ছাত্র লীগের কয়েকজন সদস্যের সাথে বঙ্গবন্ধু পরিষদের কোন কারনে মত বিরোধের ফলে হলের ভেতর অপ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হয়।

বিরতীর পর ছিল স্থানীয় শিল্পীদের আয়োজিত একটি সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রথমে ছিল এশার নাচ। এর পর বঙ্গবন্ধুর জীবন, সংগ্রাম এবং মৃত্যুর ওপর রচিত একটি পুথি পাঠ করেন ডাঃ লাভলী রাহমান। অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করেছেন - রিতা করিম, নিলুফার ইয়াসমিন, পিয়াসা বড়ুয়া, অভিজিত বড়ুয়া, ফাতিহা ফেরদৌস সুমনা, জান্নাত খান ও রিফাত ফাতেমা বিতা।